গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৩৮.১৫.১২২ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৪/ ০৭ মার্চ ২০১৮।

বিষয়: সারা দেশব্যাপী ২০-২৫ মার্চ, ২০১৮ প্রচারাভিযান ও সেবা সপ্তাহ পালনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসংগে ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের আধা-সরকারি পত্র নম্বর-০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.১০৬,তারিখ: ২৮.০২.২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ আধা-সরকারি পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, নিম্ন-আয়ের দেশ থেকে নিম্নমধ্য আয়ের দেশে উত্তরণে জাতিসংঘের নির্ধারিত শর্তাবলি বাংলাদেশ ইতোমেধ্যে অর্জন করেছে। 'নিম্ন-আয়ের' দেশ থেকে 'নিম্নমধ্য আয়ের' দেশে উত্তরণ স্বাধীনতা-উত্তরকালে বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি অন্যতম অর্জন। সরকার বর্ণিল আয়োজনের মাধ্যমে অনবদ্য এই অর্জনকে আগামী ২০ মার্চ থেকে সপ্তাহব্যাপী সারাদেশে উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে (কপি সংযুক্ত)।

বর্ণিতাবস্থায়, সারা দেশব্যাপী ২০-২৫ মার্চ, ২০১৮ প্রচারাভিযান ও সেবা সপ্তাহ পালনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সূত্রে বর্ণিত সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা করা হ'ল।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

স্বাঃ—
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

০১। বিভাগীয় কমিশনার, (সকল)।
০২। জেলা প্রশাসক, (সকল)।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৩৮.১৫.১২২/৭২(১৬) তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৪/ ০৭ মার্চ ২০১৮।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প(৬ষ্ঠ পর্ব), ভূমি মন্ত্রণালয়।
০৬। জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (CVRP) প্রকল্প, ৩/১ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
০৭। যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ, রেকর্ড প্রণয়ন ও সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়: Computerization of Existing Mouza Maps and Khatians Project),ভূমি মন্ত্রণালয়।
০৮। প্রকল্প পরিচালক, সারাদেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প, ভূমি মন্ত্রণালয়।
০৯। নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ভূমি ভবন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, প্রজেক্ট ডিভিশন-৪, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, "ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ তলা হতে ১২ তলা পর্যন্ত উর্ধ্বমূখী সম্প্রসারণ প্রকল্প ও পরিচালক ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/১ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১২। জেলা প্রশাসক, নোয়াখালী এবং প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-৪(সিডিএসপি-৪), ২য় সংশোধিত।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।

(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.১০৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৪ / ২৮ ফেব্রুয়ারি ২০১৮

*প্রিয় সহকর্মী,*

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে নিম্ন-আয়ের দেশ থেকে নিম্নমধ্য আয়ের দেশে উত্তরণে জাতিসংঘের নির্ধারিত শর্তাবলি বাংলাদেশ ইতোমধ্যে অর্জন করেছে। মার্চ ২০১৮ মাসেই আমরা জাতিসংঘের এ স্বীকৃতি লাভ করব বলে আশা করছি। 'নিম্ন-আয়ের' দেশ থেকে 'নিম্নমধ্য আয়ের' দেশে উত্তরণ স্বাধীনতা-উত্তরকালে বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি অন্যতম অর্জন। সরকার বর্ণিল আয়োজনের মাধ্যমে অনবদ্য এই অর্জনকে আগামী ২০ মার্চ থেকে সপ্তাহব্যাপী সারাদেশে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাংলাদেশ ১৯৭৫ সালে জাতিসংঘের নিম্ন-আয় শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়। প্রতিষ্ঠাকালে উক্ত শ্রেণির সদস্য সংখ্যা ২৫ থাকলেও বর্তমান সংখ্যা ৪৭। অদ্যাবধি পাঁচটি দেশ অর্থাৎ বাতসোয়ানা (১৯৯৪), কেপভর্দ (২০০৭), মালদ্বীপ (২০১১), সামোয়া (২০১৪) ও ইকুয়েটোরিয়াল গিনি (২০১৭) স্বল্পোন্নত দেশের (এলডিসি) পদমর্যাদা থেকে উত্তরণের (graduation) সক্ষমতা লাভ করেছে। ২০১৮ সালে সুপারিশ লাভের সম্ভাব্য তিনটি দেশের অন্যতম হলো বাংলাদেশ। বাংলাদেশই এখন পর্যন্ত একমাত্র দেশ যে তিনটি নির্ণায়ক একসঙ্গে পূরণ করে উত্তরণের যোগ্যতা অর্জন করতে যাচ্ছে। উল্লেখ্য, তিনটি নির্ণায়কের যেকোনো দু'টির উত্তরণ-মান অর্জন করলে, কিংবা মাথাপিছু জিএনআই উত্তরণ-মানের দ্বিগুণ হলেই এই স্বীকৃতি পাওয়া যায়। জাতিসংঘের নির্ধারিত তিনটি পূর্বশর্ত ও বাংলাদেশের অর্জনের তুলনামূলক বিবরণী নিচের ছকে দেওয়া হলো:

| ক্রম | নির্ণায়ক | উত্তরণের মান ২০১৮ | সিডিপি | বিবিএস |
|---|---|---|---|---|
| ১. | GNI Per Capita | ১,২৩০ ইউএসডি বা তার বেশি (গত তিন বছরের গড়) | ১,২৭২ ইউএসডি | ১,২৭১ ইউএসডি |
| ২. | Human Asset Index | ৬৬ বা তার বেশি | ৭২.৮ | ৭২.৯ |
| ৩. | Economic Vulnerability Index | ৩২ বা তার কম | ২৫.০ | ২৪.৮ |

দারিদ্র্যের দুষ্টচক্র, কর্মহীনতা, দুর্যোগের রক্তচক্ষুকে পদদলিত করে অতুলনীয় এই অর্জন বিশ্ববাসীর নিকট এক বিস্ময়। বাঙালিকে কেউ 'দাবায়া রাখতে পারবা না' জাতির পিতার সেই অগ্নিঝরা প্রত্যয়-এর প্রকৃষ্ট উদাহরণ। স্মরণীয় এই অর্জন দেশব্যাপী বর্ণিল আয়োজনের মাধ্যমে উদ্‌যাপনের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে (কর্মসূচি সংযুক্ত)। এই উদ্‌যাপনের অংশ হিসেবে সারা দেশব্যাপী ২০-২৫ মার্চ, ২০১৮ প্রচারাভিযান ও সেবা সপ্তাহ পালিত হবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মসূচি ও সেবা নাগরিকদের দোরগোড়ায় পৌঁছে দিতে ও কর্মসূচি সফল করতে আপনি ও আপনার সহকর্মীদের সহযোগিতা একান্তভাবে প্রত্যাশা করছি। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে সকল কর্মসূচির নান্দনিক, আকর্ষণীয় ও সাড়ম্বর উদ্‌যাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

আপনার গতিশীল নেতৃত্ব, সামগ্রিক সমন্বয় এবং সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে উক্ত কর্মসূচি সাফল্যের সঙ্গে উদ্‌যাপিত হবে বলে আমি বিশ্বাস করি।

সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
ডাইরী নং ঃ ২৭৬ তারিখ ঃ ৪/০৩/১৮
অতিরিক্ত সচিব/অধিগ্রহণ/মাঠ প্রশাসন/জরিপ/উন্নয়ন/সায়রাত/আইন-(১,২)/বাজেট।
যুগ্মসচিব (প্রশাসন/খাসজমি/জরিপ/সায়রাত/কাউন্সিল ও সমন্বয়)
একান্ত সচিব
জরুরী ব্যবস্থা নিন
উপস্থাপন করুন
মন্তব্যসহ উপস্থাপন করুন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
আলোচনা করুন
সার-সংক্ষেপ প্রণয়ন করুন
সচিবের স্বাক্ষর

**শুভেচ্ছান্তে,**

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব মোঃ আব্দুল জলিল
সচিব
ভূমি মন্ত্রণালয়

অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ২৪৬
তারিখঃ ০৫/৩/১৮
উপসচিব (অধিশাখা-২, মাঠ প্রশাসন)

## সারা দেশব্যাপী অনুষ্ঠান কর্মসূচি ২০-২৫ মার্চ, ২০১৮

| ক্রম | কর্মসূচি | মূল সমন্বয়ক |
|---|---|---|
| ০১. | বিশেষ সেবা সপ্তাহ পালন- সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোড়গোঁড়ায় পৌঁছে দিতে দৃশ্যমানভাবে সেবাদান ও মান নিশ্চিতকরণ; | মন্ত্রিপরিষদ বিভাগ/স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা/ উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান; | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ ইউ.এন.ও |
| ০৩. | তথ্য ও প্রযুক্তি বিষয়ক উন্নয়ন-প্রদর্শনী; | তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ০৪. | এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমন: নৌকাবাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি; | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক |
| ০৫. | প্রিন্ট মিডিয়ায় গোলটেবিল আলোচনা, তথ্যধর্মী লেখা, সম্পাদকীয় প্রকাশ | তথ্য মন্ত্রণালয় |
| ০৬. | টিভি/রেডিও ইলেক্ট্রনিক মিডিয়ায় TVC, থিম সং (Theme Song) প্রচারসহ টকশোধর্মী বিভিন্ন আলোচনার আয়োজন; | তথ্য মন্ত্রণালয় |
| ০৭. | দেশের পরিচিত সুশীল সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করে উত্তরণের ইতিবাচক দিকগুলো জনগণের মাঝে উপস্থাপন; | তথ্য মন্ত্রণালয় |
| ০৮. | সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন; | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৯. | ফেসবুক, টুইটার, ব্লগ ইত্যাদির মতো সোশ্যাল মিডিয়ায় এই অর্জনের প্রচার; | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১০. | ঢাকা শহরকে সজ্জিতকরণ: ফেস্টুন, ব্যানার, পোস্টার, লাইটিং, রঙিন পতাকা | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১১. | বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার; | স্থানীয় সরকার বিভাগ |
| ১২. | বাস/গাড়িসহ বিভিন্ন যানবাহনে উন্নয়ন ও উত্তরণ সংক্রান্ত স্টিকার লাগানো; | সড়ক বিভাগ |
| ১৩. | পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন প্রচার; | সংস্কৃতি মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় |